

## পরিশিষ্ট-চ

## (৩ মাসের উর্ধ্ব মেয়াদের)

বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনীত প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মচারীদের বিদেশ  
গমনের পূর্বে প্রদত্ত মুচলেকা:

আমি (নাম, পদবি ও দপ্তরের নাম) .....

সরকারি পাসপোর্ট নং.....জাতীয় পরিচয় পত্র নং.....

e-TIN.....বিশ্ববিদ্যালয় ও দেশের নাম .....

বিশ্ববিদ্যালয়ে .....(কোর্সের নাম) ..... অধ্যয়নের

জন্য মনোনীত হয়ে আমি.....তারিখ থেকে .....

তারিখ সময়ের জন্য ..... (দেশের নাম) গমন করছি। প্রশিক্ষণ/উচ্চ

শিক্ষার জন্য বাংলাদেশ সরকারের মনোনীত প্রার্থী হিসেবে প্রতিজ্ঞা করছি/ উল্লিখিত কোর্সে  
অংশগ্রহণের জন্য মনোনীত কর্মকর্তা হিসেবে অঙ্গীকার করছি যে:

(১) আমি উল্লিখিত কোর্স নির্ধারিত মেয়াদের মধ্যে সফলতার সাথে সম্পন্ন করব। কোনো অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি করার বা কোর্স পরিবর্তন করার আবেদন করব না। প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সফলভাবে সমাপ্ত না করে কর্মস্থলে প্রত্যাবর্তন করলে প্রশিক্ষণ/উচ্চশিক্ষাকালে বেতন-ভাতা হিসেবে গৃহীত সমুদয় টাকা জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষার নীতিমালা, ২০২৩ মোতাবেক সরকারি কোষাগারে জমা প্রদান করতে বাধ্য থাকব;

(২) কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে বাংলাদেশ সরকার অন্যরূপ নির্দেশ প্রদান না করলে কোর্সের মেয়াদ শেষ হওয়া মাত্রই আমি দেশে ফিরে আসব। আমি বাংলাদেশ সরকারের নির্দেশ অথবা পূর্বানুমোদিত বৈদেশিক ছুটি ব্যতীত কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তা অবৈধ অনুপস্থিতি হিসেবে গণ্য করা হবে এবং আমার বিরুদ্ধে বিধি মোতাবেক শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৩) প্রশিক্ষণ/শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক কোর্সের সাথে সম্পৃক্ত যে কোন কাজ যথাযথভাবে সম্পাদন করব এবং বাংলাদেশি নাগরিক হিসেবে আমার মান ও মর্যাদার হানি হয় এ রকম আচরণ করব না;

(৪) বিদেশে অবস্থানকালে আমি কোন ঋণ গ্রহণ করব না এবং বিদেশ হতে আসার পূর্বে সকল বকেয়া বিল পরিশোধ করব;

(৫) বিদেশে পৌঁছার সঙ্গে সঙ্গে আমি আমার পৌঁছানোর সংবাদসহ স্থানীয় ঠিকানা সম্পর্কে সেই দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও জনপ্রশাসন মন্ত্রণালয়/নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়কে অবহিত করব;

(৬) কোর্স সমাপ্তির পর দেশে প্রত্যাবর্তনপূর্বক ..... বছর (নীতিমালায় উল্লিখিত সময়ের জন্য) চাকরি করতে বাধ্য থাকব। অন্যথায় কোর্স চলাকালে গৃহীত সকল বেতন-ভাতা সরকারকে ফেরত প্রদান করতে বাধ্য থাকব;

(৭) আমি বা আমার স্বামী/ স্ত্রী বিদেশে স্থায়ী বসবাসের কোনো আবেদন করিনি এবং কোর্স চলাকালে আবেদন করব না। এ সংক্রান্ত কোনো আবেদন করলে আমার বিরুদ্ধে বিধি মোতাবেক শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোর্স চলাকালীন গৃহীত সকল বেতন-ভাতা সরকারকে ফেরত প্রদান করতে বাধ্য থাকব;

(৮) প্রশিক্ষণ/ উচ্চশিক্ষা/গবেষণার কোন পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয় অনুসৃত/ আয়োজক (host) প্রতিষ্ঠান অনুসৃত অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত Academic Integrity ও Ethics এর পরিপন্থী কোন কর্মকান্ডে জড়িত থাকার বিষয়ে অভিযোগ পাওয়া গেলে আমার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৯) বিদেশে প্রশিক্ষণ / উচ্চশিক্ষা/গবেষণা চলাকালীন পাসপোর্ট এর ধরন পরিবর্তনের কোন আবেদন করব না।

(১০) জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালায় উল্লিখিত এবং সরকার কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত যেকোন আদেশ যদি আমার দ্বারা লঙ্ঘিত হয় তার দায় আমার উপর বর্তাবে এবং এর ফলে সরকার কর্তৃক প্রদত্ত প্রযোজ্য দণ্ড মেনে নিতে আমি বাধ্য থাকব।

আমি প্রত্যয়ন করছি যে, উল্লিখিত শর্তসমূহ আমি বুঝে নিয়ে তাতে স্বেচ্ছায়, সজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে দুইজন স্বাক্ষীর ( নবম গ্রেড তদূর্ধ্ব গ্রেডের) সম্মুখে স্বাক্ষর করলাম।

.....

কর্মচারীর নাম ও পদবি

সাক্ষীগণের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর :

ক্রমিক	নাম, পদবি, সার্ভিস আই ডি, ন্যাশনাল আই ডি, e-TIN	ঠিকানা	মোবাইল নং	স্বাক্ষর
১।				
২।				